



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)  
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪০৪.১৩-২০১৫

তারিখ: ০৩/০৮/২০১৫ খ্রিস্টাব্দ।


বিষয়: সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের” প্রকল্প মেয়াদে সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা রয়েছে। প্রতি অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম পরিচালিত না হলে প্রকল্পের কাজিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব নয়। তাই বিগত দিনের অর্জন এবং প্রকল্পের সার্বিক লক্ষ্যমাত্রা বিবেচনা করে প্রকল্পভূক্ত উপজেলা সমূহে ২০১৫-২০১৬ অর্থ বছরের মধ্যে ক্রমপুঞ্জিত সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা নিম্নরূপ নির্ধারণ করা হলো:

২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত উপজেলা ওয়ারী প্রকল্প কার্যক্রমের ক্রমপুঞ্জিত লক্ষ্যমাত্রা:

সমিতি গঠন	সদস্য ভর্তি	পুঁজি গঠন(সঞ্চয় আদায়)	ঋণ বিতরণ	মন্তব্য
১	২	৩	৪	৫
৫১ টি	১৪৫০ জন	২৭.০০ লক্ষ	বিতরণযোগ্য তহবিলের দেড়গুণ বা ১৫০ %	

উপরোক্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকল্পভূক্ত উপজেলা সমূহে জুন/২০১৫ খ্রিঃ সালের বিদ্যমান সমিতি, সদস্য ও সঞ্চয় স্থিতির স্বাপেক্ষে প্রয়োজনীয় সংখ্যক সমিতি গঠন, সদস্য ভর্তি, সঞ্চয় আদায় ও ঋণ বিতরণের পরিমাণ উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট মাঠ সংগঠকদের মধ্যে দায়িত্ব বণ্টন করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য বলা হলো। একই সাথে জুন/২০১৬ সালের মধ্যে উল্লেখিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকলকে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

  
(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)  
প্রকল্প পরিচালক (ইরেসপো)  
বিআরডিবি, ঢাকা।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা  
-----উপজেলা  
----- জেলা

সদয় অবগতি জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপপরিচালক, বিআরডিবি, -----জেলা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা: -----, জেলা: -----।
- ৬। অফিস কপি।